

ক্যান্সার স্ক্রিনিং (বা পরীক্ষা) কি?

স্ক্রিনিং আপনার স্বাস্থ্যের যত্নদির একটি গুরুত্বপূর্ণ অংশ



ক্যান্সার স্ক্রিনিং-এর পরীক্ষাগুলো সহজ হয় যা ক্যান্সারের প্রাথমিক লক্ষণ বা ক্যান্সার সৃষ্টিকারী কারণ খুঁজে বের করে।

আপনার শরীরে কোনো পরিবর্তন দেখা বা অনুভব করার আগে স্ক্রিনিং ক্যান্সার খুঁজে পেতে পারে। আপনি যখন প্রাথমিকভাবে ক্যান্সার খুঁজে পাবেন, তখন সফলভাবে চিকিৎসা করা সহজ হয়।

অস্ট্রেলিয়ায় তিনটি জাতীয় স্ক্রিনিং প্রোগ্রাম রয়েছে। এগুলো হল ব্রেস্ট, অল্প এবং জরায়ুর ক্যান্সারের জন্য।



ব্রেস্ট স্ক্রিনিং (স্তনের পরীক্ষা)



ব্রেস্ট ক্যান্সার
মহিলাদের মধ্যে
সবচেয়ে সাধারণ
ক্যান্সার

- ৫০-৭৪ বছর বয়সী মহিলাদের প্রতি দুই বছরে একটি ম্যামোগ্রাম করা উচিত (একে ব্রেস্টের এক্স-রেও বলা হয়)।
- ব্রেস্ট ক্যান্সার দেখা বা অনুভব করার আগে তা সনাক্ত করার সর্বোত্তম উপায় হল একটি ম্যামোগ্রাম।
- ৫০-৭৪ বছর বয়সী সকল মহিলাদের জন্য স্ক্রিনিং করা গুরুত্বপূর্ণ, কারণ ব্রেস্ট ক্যান্সার পাওয়া গেছে এমন বেশিরভাগ মহিলাদের ক্ষেত্রে দেখা গেছে যে তাদের এই রোগের কোন পারিবারিক ইতিহাস নেই।
- BreastScreen NSW -এর মাধ্যমে ম্যামোগ্রাম **বিনামূল্যে** করা যায়। কোন ডাক্তারের রেফারেলের প্রয়োজন নেই।



কি করতে হবে:

- অ্যাপয়েন্টমেন্ট করতে **13 20 50** নম্বরে কল করুন অথবা book.breastscreen.nsw.gov.au ওয়েবসাইট দেখুন।
- একজন দোভাষীর সাথে কথা বলতে **13 14 50** নম্বরে কল করুন।
- অন্যান্য ভাষায় আরও তথ্যের জন্য, breastscreen.nsw.gov.au ওয়েবসাইট দেখুন।



অল্পের স্ক্রিনিং



প্রথম দিকে সনাক্ত
করা গেলে ১০ জনের
মধ্যে ৯ জনের অল্পের
ক্যান্সার সফলভাবে
চিকিৎসা করা যেতে
পারে

- ৫০-৭৪ বছর বয়সী পুরুষ এবং মহিলা যাদের মেডিকেলর বা Department of Veterans Affairs কার্ড রয়েছে তাদের **বিনামূল্যে** প্রতি দুই বছর অল্পের মেইলের মাধ্যমে একটি অল্পের ক্যান্সার স্ক্রিনিং কিট পাঠানো হয়।
- অল্পের ক্যান্সার স্ক্রিনিং আপনার জীবন বাঁচাতে পারে, কারণ এটি অল্পের ক্যান্সার প্রথম দিকে সনাক্ত করার সর্বোত্তম উপায়।
- অল্পের ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা আপনার নিজের বাড়িতে করতে পারেন এবং এটি দ্রুত এবং সহজে করা যায়।



কি করতে হবে:

- আপনার অল্পের স্ক্রিনিং কিটটি মেইলে আসার পর এটি ব্যবহার করুন।
- আপনার পরবর্তী কিট কখন পাঠানো হবে তা জানতে dothetest.com.au ওয়েবসাইট দেখুন।
- অন্যান্য সকল অনুসন্ধানের জন্য **1800 627 701** নম্বরে কল করুন।
- একজন দোভাষীর সাথে কথা বলতে **13 14 50** নম্বরে কল করুন।
- অন্যান্য ভাষায় আরও তথ্যের জন্য, health.gov.au/resources/translated ওয়েবসাইট দেখুন।



সার্ভিকাল(জরায়ু) স্ক্রিনিং



সার্ভিকাল(জরায়ু)
স্ক্রিনিং
সার্ভিকাল(জরায়ু)
ক্যান্সার প্রতিরোধ
করতে পারে

- ২৫-৭৪ বছর বয়সী মহিলাদের প্রতি পাঁচ বছর অন্তর সার্ভিকাল(জরায়ু) স্ক্রিনিং করা উচিত।
- আপনার স্থানীয় ডাক্তার বা নার্সের সাথে সার্ভিকাল(জরায়ু) স্ক্রিনিং টেস্ট বুক করতে পারেন।
- কিছু ডাক্তার **বিনামূল্যে** এটি করে থাকে। আপনি অ্যাপয়েন্টমেন্ট করার সময় খরচ সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন।
- সার্ভিকাল(জরায়ু) স্ক্রিনিং টেস্ট করে সার্ভিকাল(জরায়ু) ক্যান্সার প্রতিরোধ করা যেতে পারে। কারণ এই পরীক্ষাটি human papillomavirus (HPV), নামক একটি সংক্রমণের সন্ধান করে, যা সার্ভিকাল(জরায়ু) ক্যান্সার সৃষ্টি করে।



কি করতে হবে:

- কখন আপনার সার্ভিকাল স্ক্রিনিং টেস্ট করতে হবে তা জানতে **1800 627 701** নম্বরে কল করুন।
- একজন ডাক্তার বা নার্সের সাথে অ্যাপয়েন্টমেন্ট করুন। আপনি পরীক্ষা করার জন্য একজন মহিলা ডাক্তার বা নার্সের জন্য বলতে পারেন।
- একজন দোভাষীর সাথে কথা বলতে **13 14 50** নম্বরে কল করুন।
- আরও তথ্যের জন্য, cancer.nsw.gov.au/cervical বা cancerscreening.gov.au/cervical ওয়েবসাইট দেখুন।